

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই) রাজশাহী।



বার্ষিক প্রতিবেদন  
২০১৬-২০১৭

যোগাযোগঃ  
বালিয়াপুকুর, পদ্মা আবাসিক, রাজশাহী-৬২০৭  
টেলিফোনঃ +৮৮০৭২১-৭৭৬২৯৬  
ফ্যাক্সঃ +০৭২১৭৭০৯১৩  
ওয়েব সাইটঃ [www.bsrti.gov.bd](http://www.bsrti.gov.bd)  
ই-মেইলঃ [info@bsrti.gov.bd](mailto:info@bsrti.gov.bd)

# বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই)

## পটভূমিঃ

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট দেশে রেশম সেক্টরে উন্নয়নের লক্ষ্যে লাগসই প্রযুক্তি উদ্ভাবন ও দক্ষ জনশক্তি সৃষ্টির একমাত্র প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি ৩ জানুয়ারি ১৯৬২ সালে রেশম সেক্টরে কারিগরি সহায়তা প্রদান করার জন্য সিল্ক কাম ল্যাক রিসার্চ ইনস্টিটিউট এবং সিল্ক টেকনোলজীক্যাল ইনস্টিটিউট নামে শিল্প অধিদপ্তরের অধীনে রাজশাহী শহরে প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ইনস্টিটিউটকে ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থার অধীনে নেয়া হলে ১৯৭৪ সালে ইনস্টিটিউট দুটিকে একীভূত করে সিল্ক রিসার্চ এন্ড ট্রেনিং ইনস্টিটিউট নামকরণ করা হয়। ১৯৭৮ সালে বাংলাদেশ রেশম বোর্ড প্রতিষ্ঠিত হলে এই প্রতিষ্ঠানটি বাংলাদেশ রেশম বোর্ডের আওতাধীনে আসে এবং বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারেগপ্রই) নামে পুন: নামকরণ করা হয়। ২০০৩ সালে ২৫ নং আইন বলে বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটকে বাংলাদেশ রেশম বোর্ড থেকে পৃথক করে সরাসরি বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণে নেয়া হয়। ২০১৩ সালে ১৩ নং আইন বলে বাংলাদেশ রেশম বোর্ড, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং বাংলাদেশ সিল্ক ফাউন্ডেশন কে একীভূত করে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড গঠিত হয়।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল আইন, ২০১২ মোতাবেক কৃষি মন্ত্রণালয়ের আওতায় National Agricultural Research System (NARS)- এর সদস্যভুক্ত হয়েছে।

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট এর ৫টি গবেষণা শাখা যথা: তুঁতচাষ, রেশমকীট, সেরি-রসায়ন, সেরি-রোগতত্ত্ব, রেশম প্রযুক্তি শাখা ও একটি প্রশিক্ষণ শাখা রয়েছে। এছাড়াও বারেগপ্রই- এর নিয়ন্ত্রণাধীন রাঞ্জামাটি পার্বত্য জেলার চন্দ্রঘোণায় একটি আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে) এবং পঞ্চগড় জেলার সাকোয়ায় একটি জার্মপ্লাজম মেইনটেন্যান্স সেন্টার (জিএমসি) নামক ২ টি আঞ্চলিক গবেষণা কেন্দ্র রয়েছে।

## রূপকল্প (Vision)

রেশম প্রযুক্তি উদ্ভাবনে গতিশীল গবেষণা প্রতিষ্ঠান।

## অভিলক্ষ্য (Mission)

লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করে রেশম শিল্পকে উল্লেখযোগ্য পর্যায়ে উন্নীতকরণ।

## উদ্দেশ্য (Objectives)

- ❖ দেশের আবহাওয়া উপযোগী রেশমচাষের টেকসই প্রযুক্তি উদ্ভাবন ও মাঠ পর্যায়ে হস্তান্তর।
- ❖ রেশমচাষে নিয়োজিত সরকারি/বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানকে কারিগরি সহায়তা প্রদান।
- ❖ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি সৃষ্টি করে দেশে দারিদ্রতা হ্রাসকরণসহ রেশম শিল্পের উন্নয়ন ও সম্প্রসারণে সহায়তা প্রদান।

## কার্যক্রম (Functions)

### বারেগপ্রই, রাজশাহীঃ

- ❖ তুঁতের জার্মপ্লাজম সংগ্রহ, সংরক্ষণ ও উচ্চ ফলনশীল তুঁতজাত উদ্ভাবন।
- ❖ তুঁতচাষ প্রযুক্তি, তুঁতগাছের রোগবালাই ও কীটশত্রু দমন প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ মাটি ও তুঁতপাতার গুণগত মান পরীক্ষণ এবং প্রয়োজনীয় খাদ্যমান ব্যবস্থাপনার মাধ্যমে তুঁতপাতার গুণগত মান উন্নয়ন।
- ❖ রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ এবং আবহাওয়া সহিষ্ণু উচ্চফলনশীল, রোগ প্রতিরোধ সম্পন্ন উন্নত বহুচক্রী ও দ্বিচক্রী জাত উদ্ভাবন।
- ❖ গুণগত মানের রেশমকীটের ডিম উৎপাদনের প্রযুক্তি, উন্নত পলুপালন ঘর, পলুপালন সামগ্রী ও পলুপালন প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ রেশমকীটের রোগবালাই ও কীটশত্রু দমনের লক্ষ্যে বিভিন্ন ধরনের বিশোধক ও প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ পোস্ট কোকুন টেকনোলজি ও রিলিং প্রযুক্তি উদ্ভাবন।
- ❖ দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে দীর্ঘ ও স্বল্পমেয়াদী কোর্সে প্রশিক্ষণ প্রদান।
- ❖ লাইব্রেরিতে বিভিন্ন শিক্ষণীয় বিষয়ের বই, সাময়িকী, জার্নাল, লিফলেট, পত্রিকা সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশনা।

### আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঞ্জামাটি পার্বত্য জেলাঃ

- ❖ বারেগপ্রই এর বিকল্প জার্মপ্লাজম ব্যাংক হিসেবে তুঁত ও রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ।
- ❖ পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁত ও রেশমকীটের জাত ও রেশমচাষ প্রযুক্তি উদ্ভাবন।

❖ পাহাড়ী অঞ্চলে রেশমচাষে দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে চাষীপর্যায়ে ও টিওটি প্রশিক্ষণ প্রদান।

জার্মপ্লাজম মেইটেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়ঃ

❖ বারেগপ্রই এর বিকল্প জার্মপ্লাজম ব্যাংক হিসেবে তুঁত ও রেশমকীটের জাত সংগ্রহ ও সংরক্ষণ।

❖ আবহাওয়া উপযোগী তুঁত ও রেশমকীটের জাত ও রেশমচাষ প্রযুক্তি উদ্ভাবন।

❖ রেশমকীটের F<sub>1</sub> বানিজ্যিক ডিম উৎপাদনের লক্ষ্যে P-1নার্সারিতে দ্বিতরী জাতের ডিম বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের চাহিদা সাপেক্ষে সরবরাহকরণ।

### সাংগঠনিক কাঠামো

## Bangladesh Sericulture Research & Training Institute (BSRTI) - 127

### Summary of Manpower

Status	Sci./ Tec.	Sup- port	Total
Class-I	35	03	38
Class-II	19	05	24
Class-III	34	14	48
Class-IV	0	17	17
<b>Total</b>	<b>88</b>	<b>39</b>	<b>127</b>

### DIRECTOR

Person: 3

1 × Director  
1 × Stenographer  
1 × MLSS

### LIBRARY

Person: 2

1 × Senior Librarian  
1 × Librarian

### MAINTANANCE

Person: 7

1 × Asstt. Engineer (Elec.)  
1 × Sub Asstt. Engineer (Elec.)  
1 × Electrician  
**1 × Pump Driver**  
1 × PABX Operator  
1 × Carpenter  
1 × Helper

### ADMINISTRATION

Person: 19

1 × Asst. Director (Admn.)  
1 × Office Superintendent \*  
1 × Photographer  
1 × UDA  
3 × Store Keeper  
2 × LDA  
1 × Caretaker  
2 × Driver  
1 × Record Supplier  
3 × MLSS  
2 × Guard  
1 × Mali

### ACCOUNTS

Person: 6

1 × Accounts Officer  
1 × Accountant \*  
1 × Account Assistant  
1 × Cashier  
1 × LDA  
1 × MLSS

### RSRC

Person: 11

1 × Sr. Res. Officer  
2 × Research Officer  
1 × Accountant  
2 × Research Asstt.\*  
2 × Lab. Assistant  
1 × Generator-cum cold storage Operator  
1 × Expert Rearer  
1 × MLSS

### GMC

Person: 11

1 × Sr. Res. Officer  
2 × Research Officer  
1 × Accountant  
2 × Research Asstt.  
2 × Lab. Assistant  
1 × Generator-cum cold storage Operator  
1 × Expert Rearer  
1 × MLSS

### RESEARCH

Head Quarter (47)

Chief Scientific Officer-1

Principle Scientific Officer-2

### TRAINING

Person: 21

1 × Chief Instructor  
2 × Sr. Instructor  
1 × Superintendent (T)  
3 × Instructor  
1 × Mechanic cum duplicating machine Operator \*  
1 × LDA  
2 × Skilled Weaver Cum Spinner  
1 × Warper-cum-sizer  
1 × Screen Maker  
1 × Block Cutter  
1 × Expert Reeler  
1 × Helper  
2 × MLSS  
1 × Dormitory Attendant  
1 × Cook  
1 × Cleaner

### MULBERRY

Person: 12

2 × Sr. Res. Officer  
4 × Research Officer  
1 × Assistant Research  
2 × Research Assistant  
1 × Lab. Assistant  
1 × Lab. Boy  
1 × Field Man

### SILKWORM

Person: 12

3 × Sr. Res. Officer  
3 × Research Officer  
1 × Assistant Research  
2 × Research Assistant  
1 × Lab. Assistant  
2 × Expert Rearer

### CHEMISTRY

Person: 5

1 × Sr. Res. Officer  
1 × Research Officer  
1 × Research Assistant  
1 × Lab. Assistant  
1 × Lab. Boy

### PATHOLOGY

Person: 6

1 × Sr. Res. Officer  
1 × Research Officer  
1 × Assistant Research  
1 × Research Assistant  
1 × Lab. Assistant  
1 × Lab. Bov

### TECHNOLOGY

Person: 9

2 × Sr. Res. Officer  
2 × Research Officer  
1 × Assistant Research Officer  
1 × Research Assistant  
1 × Lab. Assistant  
1 × Lab. Boy  
1 × Expert Reeler

ট্রান্সপোর্ট ও অফিস ইকুইপমেন্ট

ক্রমিক নং	বিবরণ	অনুমোদিত সংখ্যা	সংযোজিত সংখ্যা	মোট সংখ্যা
১।	মাইক্রোবাস, টয়োটা, জাপান	১ (এক)	-	১ (এক)
২।	জীপ প্রাডো, টয়োটা, জাপান	১ (এক)	-	১ (এক)
৩।	মটর সাইকেল (হেডা)	১ (এক)	২ (দুই)	৩ (তিন)
৪।	কম্পিউটার সেট	২৩ (তেইশ)	২ (দুই)	২৫ (পঁচিশ)
৫।	ফটোকপি মেশিন	৫ (পাঁচ)	-	৫ (পাঁচ)
৬।	ফ্যাক্স মেশিন	১ (এক)	-	১ (এক)
৭।	পিএবিএক্স (৮+৫০) ও (৪+৪০)	১ (এক)	১ (এক)	২ (দুই)
৮।	টেলিফোন	৫ (পাঁচ)	-	৫ (পাঁচ)
৯।	মাল্টিমিডিয়া প্রজেক্টর	১ (এক)	১ (এক)	২ (দুই)
১০।	ল্যাপটপ	১ (এক)	১ (এক)	২ (দুই)
১১।	ইলেকট্রনিক কপি রাইটিং বোর্ড	১ (এক)	-	১ (এক)
১২।	স্পাইরাল বাইন্ডিং মেশিন	১ (এক)	-	১ (এক)
১৩।	সাইক্লোস্টাইল মেশিন	২ (দুই)	-	২ (দুই)
১৪।	ডিজিটাল ভিডিও ক্যামেরা	১ (এক)	-	১ (এক)
১৫।	স্টিল ক্যামেরা	২ (দুই)	-	২ (দুই)
১৬।	অভারহেড প্রজেক্টর	২ (দুই)	১ (এক)	৩ (তিন)
১৭।	ইলেকট্রিক টাইপ রাইটার মেশিন	১ (এক)	-	১ (এক)
১৮।	টাইপ রাইটার মেশিন	৬ (ছয়)	-	৬ (ছয়)
১৯।	জেনারেটর (১০০/৫০ কেভি এ)	৩ (তিন)	১ (এক)	৪ (চার)
২০।	কনফারেন্স/ক্লাসরুম মাইক্রোফোন সেট	২ (দুই)	-	২ (দুই)
২১।	ভিসিডি	১ (এক)	-	১ (এক)
২২।	LAN System	১ (এক)	-	১ (এক)
২৩।	লেমিনেটিং মেশিন	১ (এক)	-	১ (এক)
২৪।	স্ক্যানার মেশিন	১ (এক)	-	১ (এক)
২৫।	কুল্ড ইনকিউবেটর	৯ (নয়)	৫ (পাঁচ)	১৪ (চৌদ্দ)
২৬।	এয়ার কুলার	২৮ (আটাশ)	১৩ (তের)	৪১ (একচল্লিশ)
২৭।	রেফ্রিজারেটর	২৫ (পঁচিশ)	১ (এক)	২৬ (ছাব্বিশ)

Proposed for re-designation of Office Superintendent as Administrative Officer.

Proposed for re-designation of Accountant as Assistant Accounts Officer.

Proposed for re-designation of Research Assistant as Sub. Assistant Research Officer.

Proposed for re-designation of Mechanic cum Duplicating Machine Operator as Mechanic.

জনবল

ধরণ	অনুমোদিত পদ	কর্মরত জনবল	শূন্যপদ
পরিচালক (সরকার কর্তৃক নিয়োগকৃত)	০১	০১	০০
গ্রেড-৩	২	১	১
গ্রেড-৪	১	০	১
গ্রেড-৫	১	০	১
গ্রেড-৬	১২	১	১১
গ্রেড-৯	২২	০৯	১৩
গ্রেড-১০	০৮	০৫	০৩
গ্রেড-১১	১৬	৪	১২
গ্রেড-১৩	১	১	০
গ্রেড-১৪	৮	৪	৪
গ্রেড-১৬	২৪	১৭	৭
গ্রেড-১৭	২	১	১
গ্রেড-১৮	১৩	৬	৭
গ্রেড-২০	১৫	১২	৩
আউট সোর্সিং	২	০	২
<b>সর্বমোট =</b>	<b>১২৭</b>	<b>৬১</b>	<b>৬৬</b>

৮. আওতাধীন আঞ্চলিক গবেষণা কেন্দ্র সমূহঃ

ক. রিজিওনাল সেরিকালচার রিসার্চ সেন্টার  
(আরএসআরসি), চন্দ্রঘোনা, কাপ্তাই  
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

খ. জার্মপ্লাজম মেইনটিন্যান্স সেন্টার (জিএমসি),  
সাকোয়া, বোদা,  
পঞ্চগড়।



গবেষণা

বারেগপ্রই, রাজশাহীঃ

- ❖ জার্মপ্লাজম ব্যাংকে তুঁতজাত ৭০ থেকে ৭৩ টিতে উন্নীত হয়েছে।
- ❖ বাংলাদেশের আবহাওয়া উপযোগী ২০১৬-২০১৭ অর্থবছরে ৪ টি উচ্চফলনশীল তুঁতের জাত উদ্ভাবন করা হয়েছে। তুঁতপাতার উৎপাদন বছরে হেক্টর প্রতি ৩৭.০০-৪০.০০ মেঃটন এর স্থলে ৪০.০০-৪৭.০০ মেঃটন এ উন্নীত করা সম্ভব হয়েছে।
- ❖ দেশের আবহাওয়া উপযোগী তুঁতচাষ ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।
- ❖ তুঁতগাছের রোগ-বালাই দমনে প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।
- ❖ তুঁতচাষে সাথী ফসলের চাষ প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে এবং মাঠ পর্যায়ে ব্যবহারের ফলে রেশম চাষের সাথে সম্পৃক্ত চাষীদের বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি হয়েছে।
- ❖ অগ্নীয় ও ক্ষারীয় মাটি সংশোধনের মাধ্যমে তুঁতচাষ উপযোগী করার প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।
- ❖ উদ্ভাবিত উচ্চ ফলনশীল তুঁতপাতার পুষ্টিমান নির্ধারণের মাধ্যমে চাকী ও বয়স্ক পলুর জন্য উপযুক্ত তুঁতজাত এবং চাষ পদ্ধতি নির্বাচন করা হয়েছে।
- ❖ জার্মপ্লাজম ব্যাংকে রেশমকীটের জাত ৯৭ হতে ১০১ টিতে উন্নীত হয়েছে।
- ❖ বাংলাদেশের আবহাওয়া উপযোগী ০৫ টি উচ্চ ফলনশীল রেশমকীটের জাত উদ্ভাবন করা হয়েছে। উদ্ভাবিত ৫টি রেশমকীট জাতের ফলাফল নিম্নরূপঃ



তুঁতজাতের জার্মপ্লাজম রক্ষণাবেক্ষণ কার্যক্রম



উচ্চফলনশীল তুঁতজাত উদ্ভাবনে গবেষণা কার্যক্রম

Sl No.	Race/Cross	Fecundity	Hatching (%)	Wt. of 10 mature larvae	E.R.R		Cocoon /kg	Yield /100 dfls (kg)	Cocoon Wt.	Shell Wt.	SR %	Length of filament	Highest length of filament	Denier	Reelability %	Renditta
					By No.	By Wt.										
1.	BSR-03/3	546	94.97	40.52	7388	10405	710	52	1.34	.20	14.89	520	639	2.93	100	9.72
2.	BSR-03/4(M)	482	94.13	39.07	6892	9213	748	46	1.35	.18	13.67	614	723	2.25	100	9.85
3.	BSR-03/6	449	93.06	36.09	7094	9607	738	48	1.31	.19	14.86	635	731	2.24	100	8.22
4.	BSR-05/2	511	95.91	42.35	7993	11952	669	60	1.53	.20	13.30	508	627	2.61	100	10.62
5.	BSR-05/3(M)	503	95.77	39.92	7958	11355	701	57	1.48	.19	12.55	643	747	2.12	100	11.12

- ❖ জ্যৈষ্ঠা ও ভাদুরী বন্দে আবহাওয়া সহনশীল রেশমকীটের বহুক্রীজাত উদ্ভাবন এবং ফিল্ড ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে এর উৎপাদন প্রতি ১০০ রোগমুক্ত ডিমে ৪৫-৫০ কেজি।
- ❖ অগ্রহায়ণী ও চৈতা বন্দে আবহাওয়া উপযোগী রেশমকীটের এফ-১ উচ্চফলনশীল হাইব্রীড জাত উদ্ভাবনের গবেষণা ইতোমধ্যে শেষ হয়েছে এবং ফিল্ড ট্রায়াল সম্পন্ন করা হয়েছে। মাঠ পর্যায়ে এর উৎপাদন প্রতি ১০০ রোগমুক্ত ডিমে ৭০-৭৫ কেজি।
- ❖ পলু পোকাকার রোগ দমনে রেশম পলু পাউডার এবং পলু পোকাকার কীটশত্রু উজিমাছি দমনে উজিনাশ উদ্ভাবন করা হয়েছে।
- ❖ বর্তমানে ০১ কেজি কাঁচা রেশম সুতা উৎপাদন করতে ১০-১২ কেজি কাঁচা রেশম গুটি প্রয়োজন হচ্ছে, যা পূর্বে ০১ কেজি কাঁচা রেশম সুতা উৎপাদন করতে ১৫-২০ কেজি রেশম গুটি প্রয়োজন হতো।
- ❖ প্রচলিত থাই রিলিং মেশিনটিকে ডুয়েল ড্রাইভিং সিস্টেম (হস্ত/পাওয়ার চালিত) এ উন্নীত করা হয়েছে যার ফলে অল্প সময়ে স্বল্প খরচে অধিক রেশমসুতা কাটাই করা সম্ভব হচ্ছে।
- ❖ মানসম্পন্ন ও স্বল্প সময়ে অধিক রেশম সুতা কাটাই এর জন্য ২ বেসিন বিশিষ্ট স্টীম সাপ্লাই সহ উন্নত মাল্টি এন্ড রিলিং মেশিন প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে।



রেশমকীটের জার্মপ্লাজম রক্ষণাবেক্ষণ কার্যক্রম



ডুয়েল ড্রাইভিং সিস্টেম থাই রিলিং মেশিন

### আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র (আরেগকে), চন্দ্রঘোনা, রাঙ্গামাটি পাবনা জেলাঃ

- ❖ ০৮টি তুঁতজাত ও ২৪টি রেশমকীট জাত সংরক্ষণ করা হচ্ছে। তুঁত ও রেশমকীটের জাতের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধির কাজ চলমান রয়েছে।
- ❖ পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁতজাত ও রেশমকীট জাত নির্বাচন করা হয়েছে।
- ❖ ১৮ জন রেশমচাষীকে পলুপালন সহায়তা দেয়া হয়েছে এবং তাদের দ্বারা সফলভাবে পলুপালন করাতে সহায়তা সহ উৎপাদিত গুটি ক্রয় করা হয়েছে।

### জার্মপ্লাজম মেইটেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড়ঃ

- ❖ ০৯ টি তুঁতজাত, রেশমকীট জাতঃ দ্বিচক্রী ৩৬ টি, বহুচক্রী ১২ টি সংরক্ষণ করা হচ্ছে।
- ❖ চাকী তুঁতবাগান তৈরি ও দ্বিচক্রী চাকী রেশম পলুপালনের প্যাকেজ উদ্ভাবন করা হয়েছে।
- ❖ জৈষ্ঠা ও ভাদুরী বন্দের Multi x Multi Combination তৈরি করে এসব কম্বিনেশন এর মাঠ পর্যায়ে অভিযোজন ক্ষমতা পরীক্ষণ করা হয়েছে।
- ❖ রেশমকীটের F<sub>1</sub> বানিজ্যিক ডিম উৎপাদনের লক্ষ্যে বিএসডিবি এর চাহিদা অনুযায়ী P-1 নার্সারীতে ২০১৬-২০১৭ অর্থবছরে দ্বিচক্রী জাতের ১৮০০ টি ডিম বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডকে সরবরাহ করা হয়েছে।

### প্রশিক্ষণ

### গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে রেশম প্রযুক্তি উদ্ভাবন, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং প্রযুক্তি হস্তান্তর শীর্ষক কর্মসূচির আওতায়ঃ

ক্রমিক নং	কোর্সের নাম	মেয়াদ	ব্যাচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১।	স্বল্পমেয়াদী তুঁতচাষ ও পলুপালন (রেশমচাষী) প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	২ ব্যাচ x ২০ জন	৪০ জন
২।	স্বল্পমেয়াদী সিল্ক রিলিং এন্ড স্পিনিং প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	১ ব্যাচ x ১০ জন	১০ জন
			সর্বমোট =	৫০ জন

### রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ শীর্ষক প্রকল্পের আওতায়ঃ

ক্রমিক নং	কোর্সের নাম	মেয়াদ	ব্যাচ সংখ্যা	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১।	স্বল্পমেয়াদী তুঁতচাষ ও পলুপালন (রেশমচাষী) প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	৫ ব্যাচ x ২০ জন	১০০ জন
২।	স্বল্পমেয়াদী সিল্ক রিলিং এন্ড স্পিনিং প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	১ ব্যাচ x ১০ জন	১০ জন
৩।	স্বল্পমেয়াদী চাকী পলুপালন প্রশিক্ষণ কোর্স	০৭ দিন	৪ ব্যাচ x ২০ জন	৮০ জন
৪।	স্বল্পমেয়াদী সিল্ক ডাইং এন্ড প্রিন্টিং প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	১ ব্যাচ x ১০ জন	১০ জন
৫।	স্বল্পমেয়াদী সিল্ক উইভিং প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	১ ব্যাচ x ১০ জন	১০ জন
৬।	স্বল্পমেয়াদী মাঠকর্মী প্রশিক্ষণ কোর্স	৩০ দিন	১ ব্যাচ x ১৫ জন	১৫ জন
			সর্বমোট =	২২৫ জন

### ২০১৬-২০১৭ অর্থ বছরের গবেষণা কার্যক্রম

### প্রকল্পের নামঃ রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ

এই প্রকল্পের আওতায় ২৩ টি গবেষণা কম্পোনেন্ট চলমান রয়েছে। যার মধ্যে উল্লেখযোগ্য গবেষণা কার্যক্রমঃ নতুন নতুন ও উচ্চফলনশীল জাত উদ্ভাবনের লক্ষ্যে তুঁত ও রেশমকীটের জাত সংরক্ষণ, উচ্চফলনশীল ও আবহাওয়া সহনশীল তুঁত ও রেশমকীটের জাত উদ্ভাবন/ হাইব্রিড নির্বাচন, পরিবর্তিত আবহাওয়ায় তুঁত ও রেশমকীটের পরিবেশ বান্ধব রোগ বালাই দমন পদ্ধতি উদ্ভাবন, লবণাক্ত অঞ্চলে রেশমচাষের সম্ভাব্যতা যাচাইকরণ, বিরূপ আওহাওয়া সহিষ্ণু তুঁতজাত নির্বাচন ও নির্বাচিত তুঁতজাতের পুষ্টিমান নিরূপন, রেশম উপজাতের বহুমুখী ব্যবহারের মাধ্যমে রেশম সেক্টরের বাড়তি আয়ের সুযোগ সৃষ্টি, উদ্ভাবিত উচ্চফলনশীল তুঁতজাতের সারের মাত্রা নিরূপন, গুণগত ও মানসম্পন্ন কাঁচা রেশমসূতা উৎপাদনের লক্ষ্যে পোস্ট কোকুন প্রযুক্তি উদ্ভাবন, পাহাড়ী পরিবেশ উপযোগী তুঁতচাষ পদ্ধতি নির্বাচন ও রেশমকীট হাইব্রিড জাত উদ্ভাবন।

উন্নয়নমূলক কর্মকাণ্ড

সম্পদ সংগ্রহ ও ক্রয়ঃ

<p>গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে রেশম প্রযুক্তি উদ্ভাবন, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং প্রযুক্তি হস্তান্তর কর্মসূচীর আওতায়</p>			
	<p>Digital Hot Air Oven-১টি</p>	<p>Water Bath 6 pot capacity-১টি</p>	
			
	<p>Digester with scrubber</p>	<p>Auto Distillation Unit</p>	<p>Automatic Tritrator</p>
<p>গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে রেশম প্রযুক্তি উদ্ভাবন, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং প্রযুক্তি হস্তান্তর কর্মসূচীর আওতায়ঃ</p>		 <p style="text-align: center;"><b>Farm Equipments</b> ইঞ্জিন চালিত ঘাস কাটার মেশিন, ফুট স্প্রেয়ার, হ্যান্ড স্প্রেয়ার, দা, কোদাল, হাসুয়া, নিড়ানি ও তুঁতচাষের অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি।</p>	
			
	<p style="text-align: center;"><b>Multi Media Projector with Screen and LED TV</b>, মাল্টি মিডিয়া প্রজেক্টর-২টি, স্ক্রীন-১টি, ৩২ ইঞ্চি এলইডি টিভি (সনি ব্রাভিয়া)-১টি</p>		
<p>রাজস্ব বাজেটের আওতায়ঃ</p>	 <p style="text-align: center;"><b>CC Camera with CCTV and Accesorriss</b> সিসি ক্যামেরা-১২টি, ৩২ ইঞ্চি স্যামসাং এলইডি মনিটর-১টি ও প্রয়োজনীয় উপকরণ।</p>		

প্রকল্প/কর্মসূচীর তথ্যাবলী

কর্মসূচী/প্রকল্পের নাম	মেয়াদকাল	প্রাক্কলিত বরাদ্দ	জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত বরাদ্দ	জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয়	বর্তমান অবস্থা
গবেষণা ও প্রশিক্ষণের মাধ্যমে রেশম প্রযুক্তি উদ্ভাবন, দক্ষ জনশক্তি সৃষ্টি এবং প্রযুক্তি হস্তান্তর	জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৭।	৭৩৪.২৬০ লক্ষ টাকা	৫৪৬.৭৭৭ লক্ষ টাকা	৪৮৬.৩০২ লক্ষ টাকা	সদ্য সমাপ্ত
রেশম প্রযুক্তি উন্নয়ন, বিস্তার ও দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধিকরণ	জুলাই, ২০১৬ হতে জুন ২০২১	২৪৭৪.৫১ লক্ষ টাকা।	৩২৭.৫০ লক্ষ টাকা।	২৩৫.৬৯৭ লক্ষ টাকা।	চলমান

রাজস্ব বাজেট (২০১৬-২০১৭):

অর্থ প্রাপ্তি (লক্ষ টাকা)		খরচ (লক্ষ টাকা)
প্রাথমিক বরাদ্দ (লক্ষ টাকা)	৫৬৩.৫০	৫৫৬.০৪৬
সংশোধিত বরাদ্দ (লক্ষ টাকা)	৫৭৯.৯২	

মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনার আলোকে প্রস্তাবিত প্রকল্প

মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক গত ১২-১০-২০১৪ তারিখে বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালীন প্রদত্ত নির্দেশনার আলোকে **Development of mulberry & silkwom variety, technology innovation and dessimination** শীর্ষক একটি প্রকল্প প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছিল।

উন্নয়ন প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে। প্রকল্পটি ২০১৭-২০১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকাশের পর বাস্তবায়নকাল সংশোধন করে পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

নির্দেশনা অনুযায়ী “তুত ও রেশমকীট জাতের উন্নয়ন, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর” শীর্ষক উন্নয়ন প্রকল্পের বাস্তবায়নকাল ২০১৭-২০১৮ অর্থ বছর করে ডিপিপি পুনর্গঠন পূর্বক বস্ত্র ও পাট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।

প্রকল্পটির সম্ভাব্য মেয়াদকালঃ জুলাই’ ২০১৭ হতে জুন’ ২০২২, প্রাক্কলিত ব্যয়ঃ ২৩২১.২০ লক্ষ টাকা।

বর্তমানে প্রকল্পটি মন্ত্রণালয়ে অনুমোদনের প্রক্রিয়াধীন।

মানব সম্পদ উন্নয়ন (দেশে-বিদেশে প্রশিক্ষণ)

ক্রঃনং	প্রশিক্ষণের বিষয়	আয়োজক সংস্থার নাম	মেয়াদ ও তারিখ	অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা
<b>দেশে প্রশিক্ষণ</b>				
১.	“কম্পিউটার লিটারেসী কোর্স”.	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।	৫ দিন ১৭/০৭/১৬ হতে ২১/০৭/১৬	১ জন
২.	“মৌলিক আচরণ ও শৃঙ্খলা কোর্স”.	বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।	৫ দিন ২৪/০৭/১৬ হতে ২৮/০৭/১৬	১ জন
৩.	“Project Planning System (PPS)”.	বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।	-	৩ জন
৪.	“সরকারি অফিস পরিচালনার নিয়মাবলী সংক্রান্ত	BIM, ঢাকা।	২ দিন ০২/০৯/১৬ হতে ০৩/০৯/১৬	১ জন
৫.	“ই-জিপিতে ক্রয় কার্যক্রম সংক্রান্ত”	বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।	১ দিন ২১/০৯/১৬	৪ জন
৬.	“সরকারি অফিস পরিচালনার নিয়মাবলী সংক্রান্ত	BIM, ঢাকা।	২ দিন ১৯/০৯/১৬ হতে ২০/০৯/১৬	১ জন



ক্রঃনং	প্রশিক্ষণের বিষয়	আয়োজক সংস্থার নাম	মেয়াদ ও তারিখ	অংশগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা
৭.	“IBAS ++ বাজেট বাস্তবায়ন মডিউল চালু ও বাস্তবায়ন সংক্রান্ত”	বস্ত্র ও পাট মন্ত্রণালয়, ঢাকা।	১ দিন ২২/১১/১৬	২ জন
৮.	“Computer Application in English Language course”.	আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।	২০ দিন ১২/০২/১৬ হতে ০২/০৩/২০১৬	১ জন
<b>বিদেশে প্রশিক্ষণ</b>				
৯.	পোস্ট কোকুন টেকনোলজি	ইন্টারন্যাশনাল সেরিকালচার কমিশন, বেংগালোড়, ইন্ডিয়া।	১০ দিন ১৬/০৪/১৭ হতে ২৬/০৪/১৭	১ জন

### ডিজিটাল বাংলাদেশ গঠনে সংশ্লিষ্ট বছরের কার্যক্রম

- [www.bsrti.gov.bd](http://www.bsrti.gov.bd) নামে প্রতিষ্ঠানের একটি ওয়েব পোর্টাল চলমান রয়েছে যাতে ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো, কর্মকান্ড, অগ্রগতি, কর্মকর্তাগণের পরিচিতি, বিভিন্ন নো টিশ, প্রতিবেদন ইত্যাদি প্রদর্শিত ও হালনাগাদ করা হচ্ছে।
- ইনস্টিটিউটের ওয়েব সাইটে ও দেয়ালে সিটিজেন চার্টার প্রদর্শিত হচ্ছে এবং নাগরিকদের চাহিদা মোতাবেক সেবা প্রদান করা হচ্ছে।
- মোবাইল ফোনের মাধ্যমে তথ্য সেবা প্রদানের জন্য রেশম ই-সেবা নামক একটি ইনোভেশন ধারণা বাস্তবায়নধীন রয়েছে। ইতোমধ্যে দেশে বিভিন্ন অঞ্চলের রেশমচাষী, মাঠকর্মীদের মোবাইল নাম্বার সহ অন্যান্য তথ্য সম্বলিত ১৪৩০ জনের একটি ডাটাবেজ প্রস্তুত করা হয়েছে। রেশমচাষীদের বিভিন্ন সময়ে তুঁতচাষ ও পলুপালনে করণীয় বিষয়ক বার্তা মোবাইলে প্রেরণের কাজ চলমান রয়েছে।
- প্রতিষ্ঠানের ওয়ানস্টপ সার্ভিস ডেস্ক চালু করা হয়েছে যার মাধ্যমে নাগরিকগণ বিভিন্ন ধরনের সেবা একই ডেস্ক থেকে পাচ্ছেন।
- ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক সেরিকালচার ইনফরমেশন নামক মোবাইল এ্যাপলিকেশন প্রস্তুত করা হয়েছে এবং তা গুগল প্লেস্টোরে আপলোড করা হয়েছে। যার মাধ্যমে জনগন রেশমচাষ সম্পর্কিত তথ্য মোবাইলের মাধ্যমে জানতে পারছেন।
- ইনস্টিটিউটের সকল সম্পাদিত গবেষণা কার্যক্রম বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত Agriculture Research Management Information System (ARMIS), online database software এর মাধ্যমে প্রদর্শিত হচ্ছে।
- ইনস্টিটিউটের সকল কর্মকর্তা কর্মচারীদের ব্যক্তিগত তথ্যাবলী বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল এর বাস্তবায়িত Personnel Management Information System (PMIS), online databased software এ অন্তর্ভুক্ত করা হয়েছে।
- সরকারি ক্রয় কার্যে ই-টেন্ডারিং পদ্ধতি অনুসরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের ক্রয় কার্যক্রম ই-জিপি এর আওতায় আনা হয়েছে।
- পলু পাউডার বিক্রয় সেবা পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে “এক ধাপে পলুপাউডার সরবরাহ” নামক ইনোভেশন ধারণা বাস্তবায়ন করা হচ্ছে। এ সেবার আওতায় মোবাইলের মাধ্যমে DBBL/Bkash Account ব্যবহার করে নিজ অবস্থানে থেকে স্টেকহোল্ডারগণের পলুপাউডার ক্রয় ও গ্রহণ করার সুযোগ রাখা হয়েছে।
- iBAS++ (Integrated Budget and Accounting System) এ অত্র প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে। প্রতিষ্ঠানের বাজেট সংক্রান্ত তথ্য iBAS++ অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে ইনপুট দেয়া হচ্ছে।

### সেবা সহজীকরণ

ক্রঃনং	উদ্ভাবনী উদ্যোগসমূহ	পূর্বে কি অবস্থা ছিল	বর্তমানে কি পরিবর্তন হয়েছে
১	One Stop Service Desk চালু করণ	সেবা গ্রহীতাদেরকেঃ ➤ বিভিন্ন ধরনের সেবার জন্য বিভিন্ন ডেস্কে যেতে হত; ➤ সেবা পেতে অনেক সময়ের প্রয়োজন হত; ➤ সেবা প্রদানে দায়বদ্ধতা কম ছিল এবং সেবা প্রাপ্তির কোন নির্দিষ্ট সময় উল্লেখ ছিল না।	বর্তমানে সেবা গ্রহীতাগণঃ ➤ সকল নাগরিক সেবা সমূহের আবেদন গ্রহণ এবং সেবা প্রদান একটি ডেস্ক থেকে পাচ্ছেন; ➤ আবেদন এর সময় সেবা প্রাপ্তির সম্ভাব্য তারিখ ও সময় অবগত হচ্ছেন; ➤ এতে সেবা গ্রহীতাদের ভোগান্তি কম হচ্ছে এবং সময় কম লাগছে।

২	রেশম-ই-সেবা বাস্তবায়ন	<ul style="list-style-type: none"> <li>➤ রেশমচাষীদের মোবাইল নাম্বার সম্বলিত কোন ডেটাবেজ ছিল না;</li> <li>➤ তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত কোন সমস্যার সম্মুখীন হলে দ্রুত সমস্যা সমাধানের সুযোগ ছিল না;</li> <li>➤ কারিগরি দিক নির্দেশনার অভাবে অনেক সময় চাষীদের রূপ ক্ষতিগ্রস্ত হত।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>➤ রেশমচাষীদের মোবাইল নাম্বার সম্বলিত ডেটাবেজ তৈরি করা হয়েছে</li> <li>➤ তুঁতচাষ ও পলুপালন সংক্রান্ত কারিগরি দিক নির্দেশনা প্রদান করে নিয়োগিত এসএমএস প্রদান করা হচ্ছে।</li> </ul>
৩	দর্শনার্থীদের বিশ্রামাগারের (waiting room) ব্যবস্থাকরণ	<ul style="list-style-type: none"> <li>➤ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণ এলোমেলোভাবে বারান্দা/ কোন কর্মকর্তার কক্ষে অপেক্ষা করতে হত;</li> <li>➤ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণ বিব্রত বোধ করতেন।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>➤ দর্শনার্থী/সেবা গ্রহীতাগণের জন্য একটি বিশ্রাম কক্ষের ব্যবস্থা করা হয়েছে;</li> <li>➤ তাদের বসার আসন, ফ্যান এবং নিরাপদ পানির ব্যবস্থা করা হয়েছে।</li> </ul>
৪	প্রতিষ্ঠান পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উদ্দেশ্যে প্রতিষ্ঠান চত্বরে এবং সকল শাখার করিডরে ডাস্টবিন স্থাপন	<p>পূর্বে পুরাতন কিছু ডাস্টবিন ছিল যা পর্যাপ্ত নয়</p> <p>এবং ডাস্টবিন স্বল্পতার কারণে অনিচ্ছা সত্ত্বেও ময়লা আবর্জানা যেখানে সেখানে ফেলা হত।</p>	<p>প্রতিষ্ঠানের গুরুত্বপূর্ণ স্থানে এবং সকল শাখার করিডরে দৃষ্টিনন্দন ডাস্টবিনের ব্যবস্থা করা হয়েছে। ফলে প্রতিষ্ঠানের পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।</p>
৫	CC Camera স্থাপন	<p>পূর্বে প্রতিষ্ঠানের নিরাপত্তাসহ কর্মকর্তা/কর্মচারীদের অফিস চলাকালীন সময়ে যত্রতত্র ঘোরাফেরা সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতায় ছিল না।</p>	<p>প্রতিষ্ঠানের মূল ফটক, গুরুত্বপূর্ণ স্থান এবং পুরো প্রশাসনিক ভবন সার্বক্ষণিক পর্যবেক্ষণের আওতায় আনা হয়েছে। ফলে কর্মকর্তা/ কর্মচারীদের যথা সময়ে অফিসে আগমন ও প্রস্থান, অফিস চলাকালীন সময়ে যত্রতত্র ঘোরাফেরা নিয়ন্ত্রণসহ প্রতিষ্ঠানের নিরাপত্তা ব্যবস্থা জোরদার হয়েছে।</p>

### উত্তম চর্চাসমহঃ

#### ➤ কর্মকালীন প্রশিক্ষণ আয়োজনঃ

কর্মকর্তা/কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি এবং নিজেদের সমন্বয়যোগী করে গড়ে তোলার লক্ষ্যে কর্মকালীন প্রশিক্ষণ ব্যবস্থা চালু রয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে অত্র প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের ৬০ ঘন্টা কর্মকালীন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

#### ➤ প্রশিক্ষণার্থীদের সচেতনতা বৃদ্ধিঃ

বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন, দুর্যোগ ব্যবস্থাপনা এবং ডিজিটাল বাংলাদেশ ও ইনোভেশন সংক্রান্ত বিষয়ের উপর প্রশিক্ষণার্থীদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি প্রশিক্ষণ কোর্সে ক্লাস অন্তর্ভুক্ত করা হয়েছে।

#### ➤ রেশম-ই-সার্ভিস বাস্তবায়নঃ

রেশমচাষী ও সংশ্লিষ্টদের মোবাইল নাম্বার ও অন্যান্য তথ্য সম্বলিত ১৫৮০ জনের একটি ডাটাবেজ তৈরি করা হয়েছে।

সারা বছরব্যাপী চারটি বন্দে তুঁতচাষ ও পলুপালন করা হয়। বছরের চারটি বন্দের তাপমাত্রা ও আদ্রতা ভিন্ন ভিন্ন। সফল রেশমচাষ নির্ভর করে তুঁতচাষ ও পলুপালন উভয় ক্ষেত্রে কারিগরি কৌশল সঠিকভাবে প্রয়োগের উপর। এই উদ্ভাবনী সেবার দ্বারা চাষীদের তুঁতচাষ ও পলুপালনকালীন বিশেষ বিশেষ দিক নির্দেশনা মূলক পরামর্শ যেমন-কোন নির্দিষ্ট বন্দের জন্য তুঁতগাছের যে সময় পুনিং করা প্রয়োজন ঠিক তখন এসএমএস এর মাধ্যমে সকল চাষীদের পুনিং করার জন্য জানিয়ে দেওয়া হচ্ছে, এছাড়াও পলুপালনকালীন বিশেষ বিশেষ কৌশল- তাপমাত্রা, আদ্রতা নিয়ন্ত্রণ পদ্ধতি, বেড ডিসইনফেকশন, ফিডিং এর সঠিক সময় ও পদ্ধতি ইত্যাদি বিষয়ে এসএমএস এর মাধ্যমে তথ্যসেবা প্রদান করা হচ্ছে। বিশেষ কোন রোগবালাই এর প্রাদুর্ভাব দেখা দিলে তা নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কিত প্রয়োজনীয় পরামর্শ এর মাধ্যমে প্রদান করা হয়ে থাকে।

#### ➤ বিদ্যুৎ সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণঃ

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউটের বিদ্যুৎ সাশ্রয় ও বৈদ্যুতিক নিরাপত্তা বিধানের লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারী অফিস কক্ষে অনুপস্থিত সময়ে এসি, ফ্যান, লাইট ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জামাদি বন্ধ রাখেন এবং তা নিশ্চিতকরণের লক্ষ্যে অত্র প্রতিষ্ঠানের কেয়ার টেকারের মাধ্যমে তদারকি কার্য অব্যাহত রয়েছে।

### ➤ কর্মচারীদের ড়িলঃ

প্রতিষ্ঠানে কর্মরত ১৭-২০ গ্রেডভুক্ত কর্মচারীদের নিয়মিতভাবে প্রতি বৃহস্পতিবার সকাল ১০.৩০-১১.০০ পর্যন্ত অফিস তত্ত্বাবধায়ক এর তত্ত্বাবধানে ড়িল অনুষ্ঠিত হয়। এর মাধ্যমে কর্মচারীদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে ধারণা ও নির্দেশনা প্রদান করা হয় ফলে তারা নিজ দায়িত্ব সঠিকভাবে পালনে উৎসাহিত হন এছাড়াও কাজের গুণগতমান বৃদ্ধি পায়।

### ➤ পরিষ্কার পরিচ্ছন্নতায় ড়াস্টবিনের ব্যবহারঃ

অফিস চত্বর ও প্রতিষ্ঠানের বিভিন্ন শাখাসমূহ পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখার উদ্দেশ্যে অফিস চত্বরে ও বিভিন্ন স্থানে ড়াস্টবিন (পোর্টেবল) রাখা হয়েছে। ক্যাম্পাস ও নিজ কর্মস্থল পরিষ্কার পরিচ্ছন্ন রাখার উদ্দেশ্যে ড়াস্টবিন ব্যবহারের বিষয়ে কর্মকালীণ প্রশিক্ষণের মাধ্যমে সকলের সচেতন বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ উত্তম চর্চার মাধ্যমে বর্জ্য ও ময়লা আবর্জনা ব্যবস্থাপনার বিষয়ে সকল কর্মকর্তা/কর্মকচারীগণ সচেতন হয়েছেন।

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৬-২০১৭ এর বাস্তবায়ন অগ্রগতি

বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট রেশম সেক্টরের জন্য প্রযুক্তি উদ্ভাবন এবং দক্ষ জনশক্তি সৃষ্টির কাজ করে থাকে। প্রতিষ্ঠানের মিশন, ভিশন ও কার্যক্রমের উপর ভিত্তি করে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২০১৬-২০১৭ অর্থ বছরে নিম্নোক্ত লক্ষ্যমাত্রা অর্জন করা হয়েছেঃ

- ❖ জার্মপ্লাজম ব্যাংকে তুঁতজাতের সংখ্যা ৭০ হতে ৭৩ টিতে উন্নীত করা হয়েছে ;
- ❖ জার্মপ্লাজম ব্যাংকে রেশমকীট জাতের সংখ্যা ৯৭ হতে ১০১ টিতে উন্নীত করা হয়েছে;
- ❖ ৩ টি তুঁতজাত উদ্ভাবন করা হয়েছে;
- ❖ ৪ টি রেশমকীট জাত উদ্ভাবন করা হয়েছে ;
- ❖ ২২০০০ কেজি উন্নত তুঁত কাটিংস সরবরাহ করা হয়েছে ;
- ❖ রেশম সেক্টরে ২২৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

### বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-২০১৮ স্বাক্ষর

#### মন্ত্রণালয়ের সাথেঃ

মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয় এর উপস্থিতিতে সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় মহোদয়ের সাথে পরিচালক, বিএসআরটিআই এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ২০১৭-২০১৮ গত ১৪-০৬-২০১৭ তারিখে স্বাক্ষরিত হয়েছে।

#### আওতাধীন আঞ্চলিক কার্যালয়ের সাথেঃ

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-২০১৭-২০১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রতিষ্ঠানের ২টি আঞ্চলিক কার্যালয়ঃ আঞ্চলিক রেশম গবেষণা কেন্দ্র(আরেগকে), চন্দ্রঘোনা, রাজশামাটি পার্বত্য জেলা এবং জার্মপ্লাজম মেইন্টেন্যান্স সেন্টার (জিএমসি), সাকোয়া, পঞ্চগড় এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে পরিচালক, বারেগপ্রই, রাজশাহী এর পৃথক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-২০১৭-১৮ গত ১৯-০৬-২০১৭ তারিখে স্বাক্ষরিত হয়েছে।

### অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (জিআরএস)

অত্র ইনস্টিটিউটে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থাপনা (জিআরএস) বিষয়ক একটি কমিটি গঠন করা হয়েছে এবং ইনস্টিটিউটের সেবা সম্পর্কিত যে কোন অভিযোগ নিষ্পত্তির একজন কর্মকর্তাকে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) এর দায়িত্ব প্রদান করা হয়েছে এবং আপিল কর্মকর্তা হিসেবে পরিচালক, বারেগপ্রই দায়িত্ব পালন করছেন। ইনস্টিটিউটের সেবা সম্পর্কিত অভিযোগ প্রদানের জন্য একটি অভিযোগ বাস্তু প্রতিষ্ঠানের সম্মুখ স্থানে স্থাপন করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে কোন অভিযোগ পাওয়া যায়নি।

### অডিট আপত্তি

২০১৬-২০১৭ অর্থ বছরে মোট অডিট আপত্তির সংখ্যা ছিল ২১ টি এর মধ্যে ১৬ টি সাধারণ এবং ৫ টি অগ্রিম। আপত্তিকৃত অডিটে জড়িত মোট অর্থের পরিমাণ ৩৯.৫৬৬ লক্ষ টাকা। ২০১৬-২০১৭ অর্থ বছরে ২১ টি সাধারণ আপত্তির মধ্যে ১ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে এবং ৬ টি নতুন অডিট আপত্তি যুক্ত হয়েছে। বর্তমানে অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ২৬টি এবং জড়িত মোট অর্থের পরিমাণ ৬৮.৯৪৩ লক্ষ টাকা।

### ২০১৭-২০১৮ অর্থ বছরের বিভিন্ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা

- ❖ জার্মপ্লাজম ব্যাংকে র ৭৭ টি তুঁতজাত সংরক্ষণ করা।
- ❖ জার্মপ্লাজম ব্যাংকে ১০৬ টি রেশমকীট জাত সংরক্ষণ করা।
- ❖ ৪টি নতুন তুঁতজাত উদ্ভাবন করা;
- ❖ ৫টি নতুন রেশমকীট জাত উদ্ভাবন করা;
- ❖ ২২,২০০ কেজি উন্নত জাতের তুঁতকাটিংস উৎপাদন করা;
- ❖ রেশম সেক্টরে ২৩০ জনকে প্রশিক্ষণ প্রদান করা।

